গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
(সমন্বয়-১ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.mochta.gov.bd)

নম্বর-২৯.০০.০০০০.২২৩.০৬.১৭.২০১০(খন্ড-২)-০১

২৮ পৌষ ১৪৩১ ব:
তারিখ: ----------
১২ জানুয়ারি ২০২৫ খ্রি.

প্রজ্ঞাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গঠিত পার্বত্য চট্টগ্রাম বিষয়ক জাতীয় কমিটির সাথে পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির মধ্যে গত ২ ডিসেম্বর, ১৯৯৭ তারিখে সম্পাদিত চুক্তির (ক) খন্ডের (৩) অনুচ্ছেদের শর্ত অনুযায়ী চুক্তি বাস্তবায়ন প্রক্রিয়া পরিবীক্ষণ করার লক্ষ্যে সরকার কর্তৃক নিম্নোক্ত সম্মানিত সদস্যদের সমন্বয়ে চুক্তি বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হলো:

(১)	জনাব মো: তৌহিদ হোসেন মাননীয় উপদেষ্টা, পররাষ্ট্র মন্ত্রণালয়	আহ্বায়ক
(২)	সভাপতি, পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি- (জনাব জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা)	সদস্য
(৩)	চেয়ারম্যান, টাস্কফোর্স- (জনাব সুদত্ত চাকমা, সিনিয়র সচিব পদমর্যাদায়)	সদস্য

০২। কমিটির কার্যপরিধি নিম্নরূপ হবে:

(ক) এই চুক্তির বাস্তবায়ন প্রক্রিয়া পরিবীক্ষণ ও তত্ত্বাবধান;

(খ) এই চুক্তির আওতায় অস্ত্র সমর্পণসহ ক্ষমা প্রদর্শন সংক্রান্ত যাবতীয় কার্যাদি নিষ্পন্ন করার জন্য কর্মসূচি প্রণয়ন ও উহার বাস্তবায়ন;

(গ) এই চুক্তি বাস্তবায়ন প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগসহ অধ:স্তন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থা ও কর্তৃপক্ষের কর্মতৎপরতার মধ্যে সমন্বয় সাধন, প্রয়োজনীয় পরমর্শ/নির্দেশনা প্রদান;

(ঘ) এই চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত সমস্যাদি সমাধান কল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং প্রয়োজনবোধে সরকারের নিকট সুপারিশ প্রদান;

(ঙ) শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন সংক্রান্ত কার্যক্রম তত্ত্বাবধান;

(চ) অভ্যন্তরীণ উদ্বাস্তুদের পুনর্বাসন সংক্রান্ত কার্যক্রম তত্ত্বাবধান।

০৩। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

০৪। সকল মন্ত্রণালয়/বিভাগ বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত, নির্দেশনা প্রতিপালন করবে এবং তদানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৫। চুক্তির সুষ্ঠু বাস্তবায়ন প্রক্রিয়ার জন্য প্রয়োজনবোধে বাস্তবায়ন কমিটি সাব-কমিটি গঠন করতে পারবে।

০৬। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কমিটিকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানসহ এ সংক্রান্ত সকল ব্যয় বহন করবে।

০৭। এই কমিটি অবিলম্বে কার্যক্রম শুরু করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১২/০১/২০২৫
(মোহাম্মদ নাহিদ ইসলাম)
উপসচিব
ফোন: ০২৫৫১০০১২৩

চলমান পাতা-০২

নম্বর-২৯.০০.০০০০.২২৩.০৬.১৭.২০১০(খন্ড-২)-০১

২৮ পৌষ ১৪৩১ ব:
তারিখ: ----------
১২ জানুয়ারি ২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। জনাব মো: তৌহিদ হোসেন, মাননীয় উপদেষ্টা, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০২। শ্রী জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা, চেয়ারম্যান (প্রতিমন্ত্রী পদমর্যাদা), পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ ও সভাপতি, পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি, রাংগামাটি।
০৩। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। প্রধান উপদেষ্টার মূখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৫। জনাব সুদত্ত চাকমা (সিনিয়র সচিব পদমর্যাদায়), চেয়ারম্যান, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুর্নবাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।
০৬। সিনিয়র সচিব/সচিব (সকল).....।
০৭। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৮। মহাপরিচালক, বাংলাদেশ রাইফেলস, ঢাকা।
০৯। জিওসি, ২৪ পদাতিক ডিভিশন, চট্টগ্রাম সেনানিবাস চট্টগ্রাম, চট্টগ্রাম।
১০। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
১১। অতিরিক্ত সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
১৩। যুগ্মসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
১৫। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
১৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
১৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুর্নবাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।
১৮। জেলা প্রশাসক, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।
১৯। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
২০। পুলিশ সুপার, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।
২১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২২। সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২৩। উপনিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
২৪। সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২৫। অফিস কপি।

(মোহাম্মদ নাহিদ ইসলাম)
উপসচিব